

# German University Bangladesh

38, T & T Road, Telepara, Chanda Chowrasta  
Gazipur-1702, Bangladesh. Telephone: 9294511  
Website: [www.gub.edu.bd](http://www.gub.edu.bd)



মেমো নং GUB/Chairman/0.৬2

তারিখঃ ২৮ নভেম্বর ২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

১৮ নভেম্বর ২০১৬ তারিখের প্রথম আলো পত্রিকায় প্রকাশিত **বৈধ উপাচার্য নেই ১৮ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে** শীর্ষক সংবাদ শিরোনামের প্রতি জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশের দৃষ্টি আকর্ষিত হয়েছে। শেখোক্ত সংবাদে যে সব বিশ্ববিদ্যালয়ে মহামান্য রাষ্ট্রপতির নিয়োগ করা উপাচার্য নেই তার তালিকায় জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশের নাম অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রকৃতপক্ষে, শিক্ষা মন্ত্রণালয়ের ২৮ আগস্ট ২০১৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭৮.১১.১০৫.১৪-৫৭৯ নং পত্রমতে জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ-এর বোর্ড অব ট্রাস্টিজের সুপারিশের প্রেক্ষিতে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০-এর ৩১(১) ধারা অনুযায়ী এই বিশ্ববিদ্যালয়-এর উপাচার্য পদে Professor Dr. Sc.Dr.h.c. mult Michael Henry Boehme. Former Professor, Humboldt University of Berlin, Faculty of Agriculture and Horticulture, Department Horticultural Plant System, Lentzealle 75, D-14195 Berlin, Germany-কে ০৪(চার) বছরের জন্য নিয়োগ প্রদানে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর সানুগ্রহ সম্মতি প্রদান করেন। Professor Dr. Sc.Dr.h.c. mult Michael Henry Boehme ১৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখে জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশের উপাচার্য হিসাবে যোগদান করেন। পরবর্তীতে ২৩ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে ব্যক্তিগত কারণে তিনি পদত্যাগ পত্র দাখিল করলে ৪ মার্চ ২০১৬ তারিখে তাকে উপাচার্য পদ হতে অব্যাহতি প্রদান করা হয়। অতঃপর তার স্থলে নতুন উপাচার্য নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। যুগপাৎ অনলাইন ভিত্তিক চাকুরির ওয়েব সাইটেও নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করা হয়। উপাচার্য পদে নিয়োগের জন্য আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর ২০১৬। নির্ধারিত তারিখ শেষে জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশের বোর্ড অব ট্রাস্টিজ উপাচার্য পদে আবেদনকারীদের আবেদনপত্রগুলি যাচাই-বাছাই করতঃ সুপারিশকৃত প্রার্থীদের একটি তালিকা শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রেরণ করবেন। বোর্ড অব ট্রাস্টিজের সুপারিশকৃত প্রার্থীদের মধ্য হতে মহামান্য রাষ্ট্রপতি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০-এর ৩১(১) ধারা মতে একজনকে উপাচার্য পদে নিয়োগে সানুগ্রহ সম্মতি প্রদান করবেন।

ইতিমধ্যে অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসাবে জার্মান ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজ-এর সিধান্ত মোতাবেক Professor Dr.-Ing. Saifullah Khandker, Faculty member of the Technical University of Berlin, Germany; Formerly Professor of the Department of Nutrition, Michigan State University, USA এই বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য হিসাবে নিয়োজিত আছেন।

উল্লেখ্য যে, জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশের একাডেমিক কার্যক্রম এপ্রিল ২০১৫ তারিখে শুরু করা হয়। সে প্রেক্ষিতে এই বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট ইস্যু হতে এখনও অনেক সময় বাকি আছে। তার মধ্যে মহামান্য রাষ্ট্রপতির নিয়োজিত উপাচার্য যোগদান করবেন, এবং নব নিয়োজিত উপাচার্য মূল সনদে স্বাক্ষর করবেন।

প্রসঙ্গতঃ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমোদনক্রমে জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ-এ বর্তমানে ছয়টি অনুষদ ও দশটি বিভাগের অধীনে তেরটি প্রোগ্রামে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে অত্যন্ত সুনামের সাথে শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। দেশ-বিদেশে উচ্চশিক্ষিত ও খ্যাতনামা শিক্ষকগণ এখানে ভর্তির জন্য মনোনীত মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে বিশ্বমানের শিক্ষাদান করে থাকেন। হাতে কলমে শিক্ষা ও গবেষণার জন্য বিশ্ববিদ্যালয়ে রয়েছে sophisticated instruments সম্বলিত অনেকগুলি ল্যাবরেটরি। বিশ্ববিদ্যালয়-এর যথাযথ পরিচালনার জন্য বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০-এর ১৪ ধারামতে বোর্ড অব ট্রাস্টিজ, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, অনুষদ, পাঠ্যক্রম কমিটি, অর্থ কমিটি, শিক্ষক নিয়োগ কমিটি ইত্যাদি গঠন করতঃ সেগুলির কার্যক্রম অব্যাহত রয়েছে।

এমতাবস্থায়, পত্রিকায় প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে স্বনামধন্য জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশে পরিচালিত আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও যুগপোযোগী শিক্ষা কার্যক্রম বিষয়ে জনমনে অহেতুক বিভ্রান্তি দূর করার জন্য এই প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হল।

প্রফেসর ড. ইঞ্জিনিয়ার সাইফুল্লাহ খন্দকার  
চেয়ারম্যান, জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ ট্রাস্ট  
ও  
৩০.১১.১৬  
ভারপ্রাপ্ত ভাইস-চ্যান্সেলর  
জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ